



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৪.০৬.০০১.২৪/

তারিখঃ ৩১ অক্টোবর ২০২৪

বিষয়ঃ জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ২০২৪-২৫ অর্থবছরে ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মোঃ সারোয়ার জাহান মাহমুদ
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।

তারিখ : ২৪-১০-২০২৪

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট।

উপস্থিতি : তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কোম্পানীতে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চা এবং কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় নির্ধারণে নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করা হয়ঃ

ক) কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে উদ্ভাবন প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে গৃহীতব্য প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১	সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	এই অর্থ বছরে বাস্তবায়িতব্য সেবা সহজিকরণ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভায় আলোচনা হয়।	জানুয়ারি ২০২৫ এর আগেই বাস্তবায়িতব্য সেবা সহজিকরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম
২.১	প্রাপ্ত ইনোভেটিভ আইডিয়া মূল্যায়ন	২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত কোম্পানির কর্মকর্তা- কর্মচারীদের নিকট থেকে প্রাপ্ত আইডিয়াসমূহ মূল্যায়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত কোম্পানির কর্মকর্তা- কর্মচারীদের নিকট থেকে প্রাপ্ত আইডিয়াসমূহ মূল্যায়নের লক্ষ্যে গঠিত মূল্যায়ন কমিটি সুপারিশসহ প্রতিবেদন দাখিল করেছে। সুবিধাজনক সময়ে প্রতিবেদন অনুযায়ী বাছাইকৃত আইডিয়াসমূহ নিয়ে শোকেসিং আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম
২.২	ই ফাইল এর ব্যবহার বৃদ্ধিকরণ সংক্রান্ত	ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচক নং ৪.১.১ অনুযায়ী কোম্পানিতে ই ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারণকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	২৯-০৮-২০২৪ তারিখে কোম্পানিতে ই ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা তৈরি করা হয়। তৈরিকৃত তালিকানুযায়ী ১০০% (শতভাগ) কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করতে হবে এবং এ সংক্রান্ত ত্রৈমাসিক	সদস্য সচিব, ইনোভেশন টিম

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
			প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।	
২.৩	অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচক নং ৭.১.১ অনুযায়ী অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন ও ব্যবহারকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার এর মাধ্যমে আগামী ১৫/১১/২০২৪ তারিখের মধ্যে বিভিন্ন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণের মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ৩১/১০/২০২৩
 প্রকৌ. মোঃ সারোয়ার জাহান মাহমুদ
 মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি)
 ও
 ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিতরণঃ

- ১। মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর/বিপণন-দক্ষিণ/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। ইনোভেশন টিমের সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ✍️ দপ্তর নথি।